শেখাপড়া.COM
www.shekhapora.com

# একাদশ শ্রেণির বাংলা সাজেশন ২০২৩

## Class 11 Bengali suggestion 2023
## WBCHSE

## গল্প

### "কর্তার ভূত"

১) "ওরে অবোধ আমার ধারাও নেই ছাড়াও নেই তোরা ছাড়লেই আমার ছাড়া"-এখানে কে কাদের অবোধ বলেছেন? উক্তিটির তাৎপর্য আলোচনা করো।

২) 'তারা ভয়ঙ্কর সজাগ আছে।'- কাদের 'ভয়ঙ্কর সজাগ' থাকার কথা বলা হয়েছে ? তারা এমন 'ভয়ঙ্কর সজাগ' কেন ?

৩) "ভূতের রাজত্বে আর কিছু না থাকুক শান্তি থাকে" — মন্তব্যটি ব্যাখ্যা কর।

৪) "এই চোখ বুজে চলাই হচ্ছে জগতের সবচেয়ে আদিম চলা।" কারা একথা মনে করেন? 'জগতের সবচেয়ে আদিম চলা' বলতে কী বোঝানো হয়েছে ?

### "তেলেনাপোতা আবিষ্কার"

১) *"কে নিরঞ্জন এলি ?"*- নিরঞ্জনকে ? কোন উপস্থিতিতে গল্পকথক নিরঞ্জন এর ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন ?

অথবা

"আম তোমায় কথা দিচ্ছি মাসিমা" – কে , কাকে, কোন পরিস্থিতিতে কথা দিয়েছিল ? শেষ পর্যন্ত সে কথা রাখতে পারে নি কেন ?

২) *"মনে হবে তেলেনাপোতা বলে কোথায় কিছু নেই। "*- কার মনে হবে ? এই মনে হওয়ার কারণ কী ?

৩) তেলেনাপোতা যাওয়ার কারণ কী ? একে লেখক আবিষ্কার বলেছেন কেন ?

৪) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

### "ডাকাতের মা"

১) "এতক্ষণে বোঝে সৌখী ব্যাপারটা "- কোন ব্যাপারের কথা বলা হয়েছে ? সে কীভাবে এই ব্যাপারটা বুঝতে পেরেছিল নিজের ভাষায় লেখ ?

২) *'ডাকাতের মা'* ছোটগল্প অবলম্বনে সৌখির মায়ের চরিত্র বিশ্লেষণ করো ?

৩)……. "ছেলের নামে কলঙ্ক এনেছে সে "- কে ছেলের নামে কলঙ্ক এনেছে ? কলঙ্কও শব্দটি ব্যবহারে কারণ কী ?

" কিন্তু আজ যে অন্য ব্যাপার।

৪) 'আজ যে ব্যাপার অন্য।'– 'আজ' বলতে কোন্ দিনের কথা বলা হয়েছে ? সেদিনের অন্য ব্যাপারটির পরিচয় দাও

# কবিতা

## নীলধ্বজের প্রতি জনা

১। ‘ বীরাঙ্গনা ’ শব্দের অর্থ নির্দেশ করে মাইকেল মধুসূদন দত্তের রচিত 'বীরাঙ্গনা’ কাব্যের একাদশ সর্গের ‘ জনা ’ চরিত্রটিকে বীরাঙ্গনা বলা যায় কিনা আলোচনা করো।

২। ‘ কিন্তু বৃথা এ গঞ্জনা ’ - বক্তা কে ? তিনি কাকে গঞ্জনা দিতে চেয়েছেন ? কেন তার মনে হয়েছে এই গঞ্জনা বৃথা ?

৩। কুন্তী ও দ্রৌপদী সম্পর্কে জনা কী অভিযোগ করেছেন ?

৪। ‘ এ বিষম জ্বালা, দেব , ভুলিব সত্বরে ।’ — বক্তা কে ? তার ‘বিষম’ জ্বালাটি কী ? কীভাবে তিনি এই জ্বালা ভুলতে পারবেন ?

৫। ‘নীলধ্বজের প্রতি জনা’ কবিতায় জনা অর্জুনের কাপুরুষতার কী কী দৃষ্টান্ত তুলে ধরেছেন ?

## বাড়ির কাছে আরশিনগর

১। “আমি বাঞ্ছা করি দেখব তারি” — বক্তা কাকে দেখতে চান ? কীভাবে তাঁর দর্শন পাওয়া যাবে ?

অথবা

বাড়ির কাছে আরশি নগর’ গানটিতে পড়শির যে স্বরূপ ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

২। “তবু লক্ষ যোজন ফাঁক রে”— কার সঙ্গে এই ব্যবধান ? একত্রে থেকেও এই ব্যবধানের তাৎপর্য কী ?

## দ্বীপান্তরের বন্দিনী

১। “পুণ্যবেদীর শূন্যে ধ্বনিল / ক্রন্দন – দেড়শত বছর” — কোন্ কবিতার অংশ ? মূল কাব্যগ্রন্থের নাম কী ? ‘পুণ্যবেদী’ শূন্য কেন ? ‘দেড়শত বছর’ বাক্যাংশটি ব্যবহার করা হয়েছে কেন ?

২। ‘ দ্বীপান্তরের ঘানিতে লেগেছে / যুগান্তরের ঘুর্নিপাক।’ - প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য বুঝিয়ে দাও ।

৩। ‘জীবন-চুয়ানো সেই ঘানি হ’তে/আরতির তেল এনেছ কি ?’– রূপকার্থটি বুঝিয়ে দাও।

৪। ‘ দ্বীপান্তরের বন্দিনী ’ কবিতায় কবির স্বদেশপ্রেম কীভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করো ।

## নুন

১। কবি জয় গোস্বামী ‘নুন’ কবিতায় সমাজের শ্রমজীবী নিম্নবিত্ত মানুষের জীবনযাত্রার যে ছবি এঁকেছেন , তা বর্ণনা করো ।

২। “ আমি তার মাথায় চড়ি ” —কে , কার মাথায় চড়ে ? পঙক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো ।

৩। ‘আমাদের দিন চলে যায় সাধারণ ভাত কাপড়ে ।’ – ‘সাধারণ ভাতকাপড়’ বলতে কী বোঝানো হয়েছে ? এই দিন চলে যাওয়ার মধ্য দিয়ে বক্তা কী বোঝাতে চেয়েছেন ?

৪। ‘কিন্তু পুঁতবো কোথায় ? ফুল কি হবেই তাতে ?’ —উদ্ধৃতির উৎস লেখো । প্রসঙ্গ উল্লেখসহ উদ্ধৃতির তাৎপর্য বুঝিয়ে দাও ।

# প্রবন্ধ

## গ্যালিলিও

১) "এই স্বভাবই শেষ জীবনে তার অশেষ দুঃখের কারণ হল"- কার কোন স্বভাবের কথা বলা হয়েছে? সেই স্বভাব তার শেষ জীবনের অশেষ দুঃখের কারণ হল কীভাবে ?

২) "নিজের দূরবীন নিয়ে গ্যালিলিও অনেক নতুন আবিষ্কার করলেন" -- দূরবীনের সাহায্যে গ্যালিলিও কী কী আবিষ্কার করলেন? সনাতনীরা তার বিরুদ্ধতা করেছিলেন কেন ?

৩) "Venice'- কর্তৃপক্ষের কাছে তাদের কদর বেড়ে গেল।" কার কদর বাড়ে ? এই কদর বাড়ার কারণ ও পরিণাম উল্লেখ করো।

## সুয়েজ খালে হাঙর শিকার

১। " হে ভারতের শ্রমজীবী । " — শ্রমজীবী সম্পর্কে স্বামী বিবেকানন্দের ধারণা ' সুয়েজখালে হাঙ্গর শিকার ' অবলম্বনে লেখো ।

২। সুয়েজ বন্দরে জাহাজের অবস্থানের কারণ এবং ওই সম্পর্কে স্বামী বিবেকানন্দের অভিজ্ঞতার বর্ণনা দাও ।

৩। স্বামী বিবেকানন্দের নাম দেওয়া 'থ্যাবড়া মুখো' হাঙর শিকারের বর্ণনা দাও ।

৪। 'জাহাজের পেছনে বড়ো বড়ো হাঙ্গার ভেসে ভেসে বেড়াচ্ছে ।' – লেখক স্বামী বিবেকানন্দের অনুসরণে সুয়েজের জলে হাঙরের ভেসে বেড়ানোর দৃশ্য বর্ণনা করো ।

## নাটক

## 'গুরু'

১) *"ও আজ যেখানে বসছে সেখানে তোমাদের তলোয়ার পৌঁছায় না।"*- কার সম্পর্কে , কে এই কথা বলেছেন? এই বক্তব্যের তাৎপর্য কী?

২) *"পৃথিবীতে জন্মেছি, পৃথিবীকে সেটা খুব কষে বুঝিয়ে দিয়ে তবে ছাড়ি"*- কে কোন প্রসঙ্গে এই উক্তি করেছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

৩) 'তাঁর রাগটা কীরকম সেইটা দেখার জন্যেই তো একাজ করেছি !' - বক্তা কে ? এখানে কার রাগের কথা বলা হয়েছে ? তিনি রেগে গেলে কী হয় ? তাঁর রাগের ধরন দেখার জন্য বক্তা কী করেছিল ?

৪) *"উনি গেলে তোমাদের অচলায়তনের পাথরগুলো সুদ্ধ নাচতে আরম্ভ করবে, পুঁথিগুলোর মধ্যে বাঁশি বাজবে"*- বক্তা কে ? উনি বলতে কাকে বোঝানো হয়েছে? তাৎপর্য ব্যাখ্যা কর।

৫) কবিগুরু রবীন্দ্রনাথের 'গুরু ' নাটক অনুসরণে পঞ্চক চরিত্র আলোচনা করো ।

৬) *"উনি আমাদের সব দলের শতদল পদ্ম"*- এখানে কাকে 'শতদল পদ্ম' বলা হয়েছে ? কেন তিনি 'শতদল পদ্ম' ?

৭) "*আমি তার কান্না আমার বুকের মধ্যে করে এনেছি*"- বক্তা কে? কোন প্রসঙ্গে, কাকে উদ্দেশ্য করে বক্তা এ কথা বলেছেন ? এই বক্তব্যের মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিকটি প্রতিফলিত হয়েছে ?

৮। *"একটু উৎপাত হলে যে বাঁচি"*- কে বলেছে ? কোন উৎপাত ? সে কেনো উৎপাত চায় ?

## বাংলা সাহিত্যের ইতিহাস

(প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য )

১) শাক্ত পদ কী ? ওই জাতীয় পদের উদাহরন দিয়ে একজন কবির প্রতিভার পরিচয় দাও।

অথবা

অষ্টাদশ শতাব্দীর যুগ বৈশিষ্ট্য উল্লেখ করে রামপ্রসাদ সেনের কাব্যচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

শাক্ত পদ রচনায় কমলাকান্ত অথবা রামপ্রসাদ এর প্রতিভার পরিচয় দাও।

২) চন্ডীমঙ্গলের শ্রেষ্ঠ কবি কে ? তাঁর কাব্য প্রতিভা আলোচনা কর।

৩) বৈষ্ণবপদ রচনায় বিদ্যাপতির প্রতিভার পরিচয় দাও। তাঁকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্ত করার কারণ কী ?

৪) রায় গুণাকর ভারতচন্দ্রের প্রতিভার পরিচয় দাও।

৫) কবে , কার নেতৃত্বে বাংলাদেশে তুর্কি আক্রমণ হয়েছিল ? এর প্রভাব বাংলা সাহিত্যে কীভাবে পড়েছিল ?

৬) বাংলা রামায়ণের আদি কবি কে ? তাঁর প্রতিভার পরিচয় দাও

অথবা

কৃত্তিবাস ওঝা কী রচনা করেন ? তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

৭) আরাকান রাজসভার দুজন কবির নাম লিখে যে কোনো কবির প্রতিভার পরিচয় দাও।

অথবা

দৌলত কাজী অথবা সৈয়দ আলাওলের কবি প্রতিভার পরিচয় দাও।

(আধুনিক বাংলা সাহিত্যের ধারা)

৮। বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্রের প্রতিভার পরিচয় দাও।

৯। বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

১০। রবীন্দ্রনাথের কাব্যগুলির শ্রেণি বিভাগ করে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

১১। 'নীলদর্পণ' নাটকের নাট্যকার কে ? বাংলা নাটকের ইতিহাসে তার অবদান আলোচনা কর।

(লৌকিক সাহিত্যের নানা দিক)

১২। 'ধাঁধার' বৈশিষ্ট্য আলোচনা করো। অন্তত দুটি ধাঁধার উদাহরণ দাও।
১৩। প্রবাদ ও প্রবচন বলতে কী বোঝো ? অন্তত চারটি বাংলা প্রবাদের উদাহরণ দাও।
১৪। লোককথা কাকে বলে? লোককথার যে-কোনো দুটি শাখার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বাংলা ভাষার ইতিহাস

১) বাংলা লিপির উদ্ভব ও বিকাশ সম্পর্কে আলোচনা কর।

২) বাংলা ভাষার যুগ বিভাগ করে যে কোনো একটি যুগের বৈশিষ্ট্য আলোচনা করো।

৩) "ভারতবর্ষ চার ভাষাবংশের দেশ"- উদ্ধৃতি অনুসারে চার ভাষাবংশের পরিচয় দাও।

৪) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল উল্লেখ করে এই পর্বটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫) অস্টিক অথবা দ্রাবিড় ভাষা বংশের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৬) অবর্গিভূত ভাষা কাকে বলে ? উল্লেখ যোগ্য কয়েকটি অবর্গিভূত ভাষার উদাহরণ দাও।

এই সমস্ত উত্তরের নোটস পেতে এখানে ক্লিক করো।

www.shekhapora.com

https://shekhapora.com/category/class-11